

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের
কার্যালয়, চাটখিল, নোয়াখালী

চাটখিল উপজেলার সেপ্টেম্বর, ২০২০ মাসের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি মো. দিদারুল আলম
উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ ০৬ সেপ্টেম্বর, ২০২০
সভার সময় দুপুর ১২:০০ ঘটিকা
স্থান উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ
উপস্থিতি পরিশিষ্ট-ক

সভাপতি সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচন্যসূচি অনুযায়ী ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত সকল কর্মকর্তাদের প্রস্তাব দিতে বলা হয়। প্রস্তাবগুলো হতে পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়ন
01	উপজেলা ভিত্তিক সমন্বিত উপকারভোগীদের তালিকা প্রস্তুতকরণ: উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল ও উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, চাটখিল উপজেলার সকল ইউনিয়ন পরিষদের সকল উপকারভোগীদের একটি সমন্বিত কম্পিউটারাইজড তালিকা প্রস্তুতকরণ এবং এর মাধ্যমে একজন উপকারভোগী শুধুমাত্র একটি মাত্র ভাতাই প্রাপ্য হবেন, সেটি নিশ্চিতকরণ। এই তালিকা ব্যবহার করে পরবর্তীতে ডুপ্লিকেট ভাতাভোগী সনাক্তকরণ, নতুন ভাতাভোগী যথার্থ কিনা তা নিশ্চিতকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়।	উপকারভোগীদের একটি সমন্বিত কম্পিউটারাইজড তালিকা প্রস্তুতকরণ এবং এর মাধ্যমে একজন উপকারভোগী শুধুমাত্র একটি মাত্র ভাতাই প্রাপ্য হবেন, সেটি নিশ্চিতকরণের বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার, চাটখিল ও সংশ্লিষ্ট সকল
02	ই-রেকর্ড ব্যবস্থাপনা সংক্রান্ত: সহকারী কমিশনার (ভূমি), চাটখিল সভায় জানান যে, চাটখিল উপজেলা ভূমি অফিসের রেকর্ডরুমে কোনো উপকারভোগীর নথি অনায়াসে খুঁজে বের করার জন্য ই-রেকর্ড ব্যবস্থাপনা ভূমিকা রাখবে। ভূমি অফিসের রেকর্ডরুমে কোন নথি, কোন অর্থ বছরে, কোন মৌজায় রয়েছে, তা সহজেই ঐ ব্যক্তির এনআইডি এবং মৌজা নম্বর দিয়ে অ্যাপ এর মাধ্যমে সার্চ দিলেই সেই ব্যক্তির নথি কোন শেলফের, কোন সারির, কোন কলামে রয়েছে, তা সহজেই বের করা যাবে। এ বিষয়ে সভায় পুন:আলোচনা করা হয়।	ই-রেকর্ড ব্যবস্থাপনা ভূমিকা বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (ভূমি), চাটখিল
03	অনলাইন শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবস্থাপনা সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চাটখিল করোনাকালীন পরিস্থিতিতে উপজেলার স্কুল কলেজ সমূহে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমূহে যথাযথ তদারকি নিশ্চিতকরণে একটি মেসেঞ্জার/ হোয়াটসঅ্যাপ চ্যাটিং গ্রুপ থাকবে, যেখানে প্রতিষ্ঠান প্রধান এবং ল্যাব এর তত্ত্বাবধানকারী শিক্ষক সংযুক্ত থাকবেন। ল্যাব এর যে কোনো সমস্যা, ল্যাপটপ সমস্যা, ইন্টারনেট সমস্যা সহ যাবতীয় সমস্যাদি গ্রুপটিতে শেয়ার করা যাবে এবং সহকারী প্রোগ্রামার উক্ত সমস্যা সমাধানকল্পে তড়িৎ পদক্ষেপ নিতে সক্ষম হবেন। সাপ্তাহিক ভিত্তিতে ঐ ল্যাবের একটি পরিচ্ছন্ন চিত্র গ্রুপটিতে বাধ্যতামূলকভাবে আপলোড করতে হবে। এছাড়া ল্যাব পরিচালনায় যাবতীয় টেকনিক্যাল সহায়তা দেওয়া হবে গ্রুপটির মাধ্যমে। এ বিষয়ে সভায় পুন:রায় আলোচনা করা হয়।	বর্ণিত বিষয়ে ল্যাব পরিচালনায় যাবতীয় টেকনিক্যাল সহায়তা প্রদানের বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চাটখিল

04	ইনোভেটিভ আইডি যা/প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত পরিকল্পনা-2019-2020 এর অগ্রগতি সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল সভায় জানান যে, (ক) চাটখিল উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদের দফাদার ও গ্রাম পুলিশদের বেতনভাতাদি ব্যাংক হতে এসএমএস এর মাধ্যমে (ওয়ান স্টপ সার্ভিসটি) পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কাজের অগ্রগতির হার 100% , (খ) মাধ্যমিক স্তরের 8ম শ্রেণি হতে 10 শ্রেণির স্কুলগামী ছাত্রীদের প্রজনন স্বাস্থ্য ও বয়:সন্ধিকালীন সমস্যা সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থাকরণ কাজের অগ্রগতির হার 95% এবং (গ) প্রাথমিক স্তরের প্রথম শ্রেণির শিক্ষার্থীদের নৈতিক বার্তা ও নতুন শব্দ (Word) সমৃদ্ধ ডায়েরী প্রদান কাজের অগ্রগতির হার 100% বাস্তবায়িত হয়েছে মর্মে উপস্থিত সকলকে অবহিত করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	(ক) দফাদার ও গ্রাম পুলিশদের বেতনভাতাদি ব্যাংক হতে এসএমএস এর মাধ্যমে (ওয়ান স্টপ সার্ভিসটি) পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কাজের অগ্রগতির হার 100% , (খ) মাধ্যমিক স্তরের 8ম শ্রেণি হতে 10 শ্রেণির স্কুলগামী ছাত্রীদের প্রজনন স্বাস্থ্য ও বয়:সন্ধিকালীন সমস্যা সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থাকরণ কাজের অগ্রগতির হার 95% এবং (গ) প্রাথমিক স্তরের প্রথম শ্রেণির শিক্ষার্থীদের নৈতিক বার্তা ও নতুন শব্দ (Word) সমৃদ্ধ ডায়েরী প্রদান কাজের অগ্রগতির হার 100%।	উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল
----	---	---	--------------------------------

বাস্তবায়নকারী কর্মকর্তাদের ইনোভেশন প্রস্তাব গুলোর উপর কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। সভায় আর কোন আলোচন্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মো. দিদারুল আলম

উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫১০.০০০.০৬.০০৩.২০.৩৬

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৭

০৭ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) ইনোভেশন টিম এর সভা সংক্রান্ত সংশ্লিষ্ট

২) উপজেলার কর্মকর্তা গুপ



মো. দিদারুল আলম

উপজেলা নির্বাহী অফিসার